

রাবির ফলিত গণিত বিভাগ শিক্ষকদের দ্বন্দ্ব দুই বছরেও প্রকাশ হয়নি মাস্টার্সের ফল

হাশান আদিব, রাবি থেকে

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ফলিত গণিত বিভাগে শিক্ষকদের দু'পক্ষের রাজনৈতিক দ্বন্দ্বের কারণে দুই বছর পার হলেও মাস্টার্সের (এমএসসি-২০১২) ফল প্রকাশ সম্ভব হয়নি। নম্বরপত্র টেম্পোরিটির অভিযোগের জেরে বিএনপি ও আওয়ামীপন্থী শিক্ষকদের মধ্যে এ দ্বন্দ্ব শুরু হয়। এতে শিক্ষার্থীরা শিক্ষাজীবনের শেষ পর্যায়ে এসে চরম দুর্ভোগে পড়েছেন।

অনুসন্ধান জানা গেছে গত বছরের সেপ্টেম্বরে বিভাগের আওয়ামীপন্থী শিক্ষকরা বিএনপিপন্থী শিক্ষক প্রফেসর শামসুল আলম সরকারের বিরুদ্ধে এক ছাত্রের নম্বরপত্র টেম্পোরিটির অভিযোগ তোলেন। পরে তা মীমাংসার জন্য বিশ্ববিদ্যালয়ের ভিসি পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের মাধ্যমে বিভাগের একাডেমিক কমিটির সিন্ডিকেটের জন্য মিটিংয়ের নির্দেশনা দিয়ে চিঠি দেন।

নির্দেশনা অনুযায়ী বিভাগীয় সভাপতি ২৮-১২-২০১৪ তারিখে একাডেমিক কমিটির সভা আহ্বান করেন। ওই মিটিংয়ে বিভাগের ১০ শিক্ষকের ৭ জন পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে ভ্রমা হওয়া ফল প্রকাশের ব্যাপারে সম্মতি দিলেও বিভাগের বর্তমান সভাপতি প্রফেসর ড. আবদুল হকসহ আওয়ামীপন্থী দুই শিক্ষক অসম্মতি জানান। এমনকি কোনো সিদ্ধান্ত ছাড়াই মিটিং শেষ হয়েছে মর্মে বিভাগের সভাপতি পরীক্ষা নিয়ন্ত্রককে চিঠি দেন। পরে বিএনপিপন্থী শিক্ষকরা চিঠি দিয়ে তাদের সম্মতির বিষয়টি নিয়ন্ত্রককে অবগত করেন। এর পরিপ্রেক্ষিতে চলতি বছরের প্রথম দিকে একাডেমিক কমিটির মিটিংয়ে অধিকাংশ শিক্ষকের সম্মতি থাকায় নিয়ন্ত্রক দফতরে জমা থাকা ফল প্রকাশের অনুমোদন দেয় কর্তৃপক্ষ। কিন্তু ফল : পৃষ্ঠা ৭ : কলাম ৩